আজকের কাগজ

তারিখ 24 APR 1992
পৃষ্ঠা ৮ কলাম ৪

### এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিন

# ২ শিক্ষক ও ২৭৪ বহিষ্কৃত গ্রেফতার ১২

**কাগজ প্রতিবেদক :** এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিনের শেষ খবর হচ্ছে– বহিষ্কৃত ২৭৪ জন। সে সঙ্গে দু'জন শিক্ষক গ্রেফতার হয়েছে ১২। বিষয়টি ছিলো বাংলা ২য় পত্র।

ঢাকা বোর্ডে মোট বহিষ্কার হয়েছে ৪০ জন। এর মধ্যে নরসিংদী ১০, মুন্সিগঞ্জ ৩, মাদারীপুর ১০, শরিয়তপুর ১ গোপালগঞ্জ ৩, ময়মনসিংহ ১২ এবং শেরপুর ১ জন বহিষ্কার হয়েছে।

কুমিল্লা বোর্ডের ৯৬টি কেন্দ্র থেকে ১৭৩ জনকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া ১৪৪ ধারা ভাঙার অভিযোগে চৌদ্দগ্রামে ১২ জনকে গ্রেফতার করা হয়েছে। গাইবান্ধায় ৬১ জন বহিষ্কারের খবর মিলেছে।

পরীক্ষা কেন্দ্রে অবৈধ কাজে জড়িত থাকার অভিযোগে মাদারীপুরে শিবচর উপজেলায় ২ জন শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।

টাংগাইলের নাগরপুর উপজেলার বনগ্রাম স্কুলের প্রধান শিক্ষক এখন হাজতবাসী। ৯২ জন ছাত্রকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিতে গিয়ে ফাঁদে পড়েন পরীক্ষা কর্তৃপক্ষের আওতা বাদ পড়ে পরীক্ষার্থীরা। শেষে তারা মামলা করে প্রধান শিক্ষকের নামে। পরিণাম হাজত ঘর।

প্রথম দিনে ঢাকার কল্যাণপুর হাই স্কুলে কেউ বহিষ্কার হয়নি।